দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 10 DEC 1995 ...
পৃষ্ঠা ... কলাম ...

## উত্তরাঞ্চলে ১০ হাজার গ্রামে স্কুল নেই

# নয় লাখ শিশু প্রাথমিক শিক্ষার আলো থেকে বঞ্চিত

**পঞ্চগড়, ৯ ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা) ।**– উত্তরাঞ্চলের ১৬টি জেলার ২৩ হাজার ৪শ' ৯৫টি গ্রামের মধ্যে ১০ হাজার ৩শ' ৬২টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই। ফলে ৯ লক্ষাধিক শিশু প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।

জানা গেছে, পঞ্চগড় জেলার ৫টি থানার ৪শ' ২১টি গ্রামে প্রাথমিক বিদ্যালয় নেই। ঠাকুরগাঁও জেলার ৫টি থানার ৮শ' ৮৫টি গ্রামে, দিনাজপুর জেলার ১৩টি থানার ৩শ' ২৫টি গ্রামে ও নীলফামারী জেলার ৬টি থানার ৮শ' ২৫টি গ্রামের মধ্যে ১শ' ৯৭টি গ্রামে প্রাথমিক বিদ্যালয় নেই। কুড়িগ্রাম জেলার ৯টি থানার ১ হাজার ৯শ' ১৭টি গ্রামের মধ্যে প্রাথমিক বিদ্যালয় নেই ২শ' ৮৫টি গ্রামে। লালমনিরহাট জেলার ৫টি থানার ৪শ' ৬১টি গ্রামের মধ্যে ৭৩টি গ্রামে এবং রংপুর জেলার ৮টি থানার ৬শ', ৫টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই। গাইবান্ধা জেলার ৭টি থানার ২শ' ৪৭টি গ্রামে প্রাথমিক বিদ্যালয় নেই। জয়পুরহাট জেলার ৫টি থানায় গ্রাম রয়েছে ৬শ' ২১টি। এ জেলার ১শ' ২০টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই। বগুড়া জেলার ১১টি থানার ২ হাজার ৭শ' ৩৬ টি গ্রামের মধ্যে প্রাথমিক বিদ্যালয় নেই এমন গ্রামের সংখ্যা ১ হাজার ৪শ' ৭৫টি। সিরাজগঞ্জ জেলার ৯টি থানায় ১ হাজার ৫শ' ৪৯টি গ্রাম থাকলেও ৬শ' ২৬টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই। পাবনা জেলার ৯টি থানার প্রাথমিক বিদ্যালয়হীন গ্রামের সংখ্যা ২ হাজার ১শ' ১৮টি। নাটোর জেলার ৬টি থানায় ৮শ' ৭৭টি গ্রামের মধ্যে ৩শ' ১টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই। রাজশাহী জেলার ১০টি থানার প্রাথমিক বিদ্যালয়বিহীন গ্রাম রয়েছে ২শ' ৪৫টি। চাঁপাইনবাবগঞ্জ জেলার ৫টি থানায় প্রাথমিক বিদ্যালয় নেই ৫শ' ৮৭টি গ্রামে। নওগাঁ জেলায় প্রাথমিক বিদ্যালয়বিহীন গ্রাম রয়েছে ১ হাজার ৭শ' ৬২টি।

এই বিপুল সংখ্যক গ্রামে প্রাথমিক বিদ্যালয় না থাকায় ৯ লক্ষাধিক শিশুকে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত রেখে দু'হাজার সাল নাগাদ "সবার জন্য শিক্ষা" কার্যক্রম বাস্তবায়ন সম্ভব নয় বলে অনেকের ধারণা।